



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সি.ডি.এ. এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd



স্মারক নম্বর-চশিবো/পরী-পরি/জেএসসি/৮৮/২০১০(অংশ-৪)/১৯১৩(২)

তারিখ: ০২.১২.২০২১খ্রি:

২০২১ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০. ০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ- ০৪/১১/২০২১ এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শৈগিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের নিমিত্তে অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ১১/১২/২০২১ থেকে ২০/১২/২০২১ তারিখের মধ্যে ফরমপূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।।

শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষ্যে Online এ ফরম পূরণের নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bise-ctg.gov.bd) এ ০৭/১২/২০২১ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১১/১২/২০২১ থেকে ২০/১২/২০২১ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে চট্টগ্রাম বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে eFF এ ক্লিক করে EIIN ও password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে উত্তীর্ণ শিক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি Probable list এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে ভালভাবে যাচাই বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ঙ) Final submit বাটন এ ক্লিক করে অবশ্যই Final submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

(চ) Final submit সম্পূর্ণ না হলে উত্তীর্ণ-সনদ দেয়া হবে না।।

২। ফরম পূরণ করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।

৩। ফরমপূরণে ব্যর্থ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে অর্থাৎ নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩-৩৪৪৫৩১৪৫, ফ্যাক্স:০২৩৩৪৪৫৩১৫১

Email : ce@bise-ctg.gov.bd

প্রাপক :

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্রবোর্ডের আওতাধীন অনুমোদিত সংশ্লিষ্ট বিদ্যালয় ও কলেজ সমূহ।